# 3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG1011 (MAJOR)

(সাহিত্য : প্রাথমিক ধারণা)

Time: 3 Hours

Full Marks: 60

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

২×১০=২০

১। *যেকোনো দশটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) দুটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের (Literary Epic) নাম লেখো।

(খ) অ্যারিস্টটল ট্র্যাজেডির যে ছ-টি উপাদানের কথা বলেছিলেন, সেগুলির নাম উল্লেখ করো।

(গ) নাট্যকারের নাম-সহ উনিশ শতকে লেখা দুটি প্রহসনের নাম লেখো।

(ঘ) ট্র্যাজেডির প্লটকে কয়ভাগে ভাগ করা হয়? কী কী?

(ঙ) 'এলিজি' (Elegy) বলতে কী বোঝায়? বাংলায় লেখা একটি এলিজির নাম লেখো।

(চ) 'Lyre' ও 'Lyric'-এর যোগসূত্রটি বুঝিয়ে দাও।

(ছ) সামাজিক নাটক কাকে বলে? একটি দৃষ্টান্ত দাও।

(জ) 'বলাকা' কবিতাটি মূল কাব্যের কতসংখ্যক কবিতা? এই কবিতায় পর্বত কী হতে চেয়েছে?

(ঝ) 'আবার আসিব ফিরে' কবিতায় উল্লিখিত দুটি নদীর নাম লেখো।

(ঞ) "তনু ভরি' যৌবন, তাপসী অপর্ণা!"— কবি কার সম্পর্কে একথা বলেছেন? তাকে 'তাপসী অপর্ণা' বলার কারণ কী?

(ট) "রাত নির্জন, পথে কত ভয়, তবুও রানার ছোটে"— কোন কোন ভয়ের কারণে রানারকে নির্জন রাতে ছুটতে হয়?

(ঠ) "তাঁর অনুভূতিটাই কৃত্রিম, কবিতা লেখারই জন্য ফেনিয়ে তোলা।"— কে, কার সম্পর্কে কথাটি বলেছেন?

(ড) "বাঙালির ওড়ানো বিদ্রোহের দুটি লাল পতাকা আজও আমাদের সাহিত্য গগনে জ্বলজ্বল করছে।"— 'বাঙালির ওড়ানো বিদ্রোহের দুটি লাল পতাকা' কী কী?

(ঢ) "কেবল গ্রামবাসিনী একটি বালিকার ঈর্ষা সে এখনো জয় করিতে পারিল না।"— 'গ্রামবাসিনী একটি বালিকা' এবং 'সে' বলতে কাদের কথা বোঝানো হয়েছে?

(ণ) বিমল করের লেখা 'জননী' গল্পটি কবে, কোথায় প্রথম প্রকাশিত হয়?

২। *যেকোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) নাট্যকাব্য ও কাব্যনাট্য —এই দুই সংরূপের পার্থক্য উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

(খ) আত্মগৌরবী বা মন্ময় প্রবন্ধ কাকে বলে? এই জাতীয় প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) বাংলার প্রকৃতি কীভাবে বাংলা কাব্যকে প্রভাবিত করেছে 'বাংলা কাব্যের গোড়ার কথা' প্রবন্ধ অবলম্বনে সেটি বুঝিয়ে দাও।

(ঘ) "রবীন্দ্রনাথের পর বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।"— 'তিনিই' বলতে প্রবন্ধকার কাকে বুঝিয়েছেন? প্রাসঙ্গিক প্রবন্ধ অনুসরণে তাঁকে 'মৌলিক' বলার কারণগুলি উল্লেখ করো।

(ঙ) "যতদূরেই যাও-না-কেন, ফিরতে তোমায় হবেই।"— কার লেখা, কোন রচনার অংশ? উদ্ধৃতিটির অন্তর্নিহিত তাৎপর্যটি ব্যাখ্যা করো।

(চ) "নির্বাক হয়ে দাঁড়িয়ে রইলাম।"— প্রসঙ্গ উল্লেখ করে কে, কেন নির্বাক হয়ে দাঁড়িয়ে রইলেন ব্যাখ্যা করো।

৩। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ঐতিহাসিক নাটক কাকে বলে? ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) "ওহে প্রাণনাথ গিরিবর হে, ভয়ে তনু কাঁপিছে আমার"— পদটিতে মেনকার মাতৃহৃদয়ের উদ্বেগ ও ব্যাকুলতার মধ্য দিয়ে অষ্টাদশ শতাব্দীর যে সামাজিক বাস্তবতা প্রকাশ পেয়েছে, তার স্বরূপ আলোচনা করো.

(গ) 'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধে লেখক প্রমথ চৌধুরী শ্রীযুক্ত বারীন্দ্রকুমার ঘোষের যে অভিযোগটির উল্লেখ করেছেন সেটি কী? লেখক একে প্রকৃতই ভাষা-সংকট বলে মনে করেন কি না, প্রাসঙ্গিক প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো।

(ঘ) 'অতিথি' গল্পের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো।

———